



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রকল্প পরিচালকের কার্যালয়

Centre for Environment & Climate Change Research (CECCR) Project

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

পরিবেশ ভবন, ই-১৬, আগারগাঁও, ঢাকা-১২০৭।

স্মারক নং- CECCR Project /জনবল নিয়োগ (৩য় ও ৪র্থ শ্রেণী)/০০৭/২০১৯/ ৯৪২

তারিখঃ ০৮/০২/২০২১ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এর অধীন Centre for Environment & Climate Change Research (CECCR) শীর্ষক প্রকল্পের আওতায় শুধুমাত্র প্রকল্পকালীন সময়ের জন্য সর্বসাকুল্য বেতনে (চুক্তিভিত্তিক) নিম্নোক্ত পদে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

ক্রমিক নং	পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫)	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
০১।	গাড়ীচালক ১৭,৩৪৫/- (সর্বসাকুল্য)	০৩টি	অষ্টম শ্রেণী পাস সহ হালকা/ভারী মোটরযান চালানোর বৈধ লাইসেন্স।
০২।	অফিস সাপোর্টিং স্টাফ (এম এল এস এস) ১৫,৮৫০/- (সর্বসাকুল্য)	০২টি	এসএসসি এবং সংশ্লিষ্ট কাজে ০৩ বছরের অভিজ্ঞতা।
০৩।	সিকিউরিটি গার্ড ১৫,৮৫০/- (সর্বসাকুল্য)	০২টি	এসএসসি এবং সংশ্লিষ্ট কাজে ০৩ বছরের অভিজ্ঞতা।
	মোট-	০৭টি	

শর্তাবলীঃ

- আবেদনকারীকে অবশ্যই জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত "ছক" স্বহস্তে পূরণ পূর্বক নিম্ন স্বাক্ষরকারী বরাবর আগামী ০৪/০৩/২০২১ খ্রিঃ অথবা তৎপূর্বে অফিসচলাকালীন সময়ের মধ্যে প্রকল্প পরিচালক, Centre for Environment & Climate Change Research (CECCR) Project, পরিবেশ ভবন, কক্ষ নং-৪১২ (৪র্থ তলা), ই-১৬, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ ঠিকানায় অবশ্যই প্রাপ্তি স্বীকারপত্র সহ রেজিস্টার্ড ডাকযোগে প্রেরণ করতে হবে। সরাসরি বা হাতে হাতে কোন আবেদন গ্রহণ করা হবে না।
- আবেদনপত্রের সাথে সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রসীন ছবি, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা সনদ, নাগরিকত্ব সনদ এবং জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটো কপি সংযোজন করতে হবে। প্রার্থীকে জন্ম সূত্রে বাংলাদেশের নাগরিক ও স্থায়ী বাসিন্দা হতে হবে।
- আবেদনপত্র প্রেরণের খামের উপরের বাম পার্শ্বে অবশ্যই স্পষ্ট অক্ষরে পদের নাম উল্লেখ করতে হবে।
- সর্বসাকুল্য বেতনে চুক্তিভিত্তিক নিয়োগের নিমিত্ত ০৪/০৩/২০২১ তারিখে আবেদনকারীর সর্বোচ্চ বয়সসীমা ৪৫ বছর।
- সর্বসাকুল্য বেতনে নিয়োগকৃত জনবল অর্থ মন্ত্রণালয় কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশনা মোতাবেক অন্যান্য সুবিধা প্রাপ্য হবেন।
- Project Director, Centre for Environment & Climate Change Research (CECCR) Project -এর অনুকূলে যে কোন তফশিলী ব্যাংক থেকে উল্লিখিত পদের জন্য ১০০/- (একশত) টাকা মূল্যমানের পে-অর্ডার (অফেরতযোগ্য) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- CECCR Project /জনবল নিয়োগ (৩য় ও ৪র্থ শ্রেণী)/০০৭/২০১৯/৮৫; তারিখ ১৪/০১/২০২০ ও CECCR Project /জনবল নিয়োগ (৩য় ও ৪র্থ শ্রেণী)/০০৭/২০১৯/৪৭; তারিখ ১৯/০৬/২০১৯ নং স্মারকে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির আওতায় ক্রমিক নং ০১-০৩ পর্যন্ত পদে আবেদনকৃত প্রার্থীদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই। পূর্বে আবেদনকৃত প্রার্থীদের আবেদন এই নিয়োগ বিজ্ঞপ্তি প্রক্রিয়াকরণের সময় বিবেচনা করা হবে।
- অসম্পূর্ণ ক্রটিপূর্ণ আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।
- কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করতে পারবেন।
- নির্বাচনী পরীক্ষার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(মোঃ মিজানুল হক চৌধুরী)
অতিরিক্ত সচিব

প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২-৮১৮১২৯৫